# এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

**বাংলা (আবশ্যিক) প্রথম পত্র** বিষয় কোড: ১ ০ ১

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি প্রশ্নসহ মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

**১.** ▶ দেখা হলেই মিষ্ট অতি
মুখের ভাব শিষ্ট অতি
অলস দেহ ক্লিষ্ট গতি,
গৃহের প্রতিটান
তৈল ঢালা স্নিগ্ধ তনু
নিদ্রা রসে ভরা
মাথা ছোট বহরে বড়
বাঙালি সন্তান।

ক. ‘শুভ্রনীলাম্বর’ অর্থ কী? ১
খ. লেখিকা বাঙালি পুরুষকে “পুরুষিকা” বলেছেন কেন? ২
গ. ‘নিরীহ বাঙালি’ প্রবন্ধের যে দিকটি উদ্দীপকে প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. “উদ্দীপক ও প্রবন্ধে উভয় ক্ষেত্রে বাঙালির প্রতি কটাক্ষের বান নিক্ষেপ করা হয়েছে”— যুক্তিসহ লিখ। ৪

**২.** ▶ বিথী ভালোবেসে বিয়ে করেছিল পল্লবকে। পল্লবের বাবা শর্ত দেয় দুই লক্ষ টাকা হলে এ বিয়ে মেনে নেবে। পল্লব চাকরি নিয়ে শহরে চলে গেলে বিথীর বাবা টাকা না দিতে পারায় বিথীর উপর নেমে আসে অমানবিক নির্যাতন। অতিষ্ঠ হয়ে বিথী বাবার বাড়ি চলে যায়। পল্লবের বাবা তিন লক্ষ টাকা যৌতুকে ছেলের নতুন বিয়ে ঠিক করে।

ক. ‘হতোদ্যম’ শব্দের অর্থ লিখ। ১
খ. “ওই ঢের হয়েছে”— কথাটি বুঝিয়ে দাও। ২
গ. উদ্দীপকে “দেনাপাওনা” গল্পের কোন দিকটি বিশেষভাবে প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. “উদ্দীপকে পল্লবের বাবা ও “দেনাপাওনা” গল্পে বরের বাবা একই ছাঁচে গড়া”— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

**৩.** ▶ উপকূলীয় এলাকার মানুষ নির্বিচারে বনের গোলপাতা ও গাছ-পালা কেটে সাবাড় করত। হরিণ শিকার ও বাঘ হত্যা করত। একবার প্রলংকারী ঘূর্ণিঝড় হলে পাশে বন থাকায় তাদের ক্ষতি অনেক কম হয়। এতে এলাকার মানুষ তা উপলব্ধি করে গাছ কাটা বন্ধ করে দেয়।

ক. কবির মুগ্ধতার কারণ কী? ১
খ. “সে কবিরাজ নয় কবি”— কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক ও ‘নিমগাছ’ গল্পের ব্যবহারিক বৈসাদৃশ্য তুলে ধর। ৩
ঘ. “গাছের উদ্দেশ্যই পরহিত”— উদ্দীপক ও গল্পের আলোকে বিশ্লেষণ কর। ৪


Teachingbd.com

৪.▶ রুনা ও জেসি দুই বান্ধবী হলেও দুইজন ভিন্ন চরিত্রের। জেসি একজন সৎ, দায়িত্বান ও লোভ-লালসাহীন পুলিশ অফিসার। তার কাছে সহযোগীতা চেয়ে কেউ ফিরে যায় না। অপর দিকে একই পদে থেকে রুনা রাতারাতি গাড়ি বাড়ির মালিক বনে যায়।

ক. শিক্ষার মূল উদ্দেশ্য কী? ১
খ. জীবসত্তার উন্নয়ন ছাড়া মানবসত্তার উন্নয়ন হয় না কেন? ২
গ. জেসির মধ্যে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কোন বিষয়টি নির্দেশিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. রুনার মধ্যে 'শিক্ষা ও মনুষ্যত্বের' যে বিষয়টি প্রতিফলিত হয়েছে তা বিশ্লেষণ কর। ৪

## খ অংশ — পদ্য

৫.▶




ক. কবি কামাল চৌধুরী কোন জেলায় জন্মগ্রহণ করেন? ১
খ. কামাল চৌধুরীর "সাহসী জননী বাংলা" কবিতা কীসের প্রতিনিধিত্ব করে? ২
গ. "সাহসী জননী বাংলা" কবিতায় বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে বীর বাঙালির মহান আত্মত্যাগের সাধনা চিত্রাঙ্কনে উদ্দীপকটির গুরুত্ব কতখানি তা আলোচনা কর। ৩
ঘ. "সাহসী জননী বাংলা" কবিতার আলোকে উদ্দীপকটির উপযোগীতা বিচার কর। ৪

৬.▶ নিসর্গের গ্রন্থ হতে, আশৈশব শিখেছি এ পড়া প্রেমকেও ভেদ করে সর্বভেদী সবুজের মূল চিরস্থায়ী লোকালয় কোনোকালে হয়নি তো গড়া পারেনি ঈজিপ্ট, গ্রিস, সেরাসিন শিল্পির আজ্ঞুল। কালের বেঁদার টানে সর্বশিল্প করে থর থর কষ্ট কর তার চেয়ে নয় মেয়ে কবির অধর।

ক. চিরকাল কি বেঁচে থাকবে? ১
খ. কবির চেতনায় তার চলে যাওয়া কেমন তাৎপর্য বহন করে। ২
গ. উদ্দীপকের কোন বিষয়টি "সেইদিন এই মাঠ" কবিতার সঙ্গে সংগতিপূর্ণ— ব্যাখ্যা কর। ৩
ঘ. "সেইদিন এই মাঠ" কবিতার বিষয়বস্তু উদ্দীপকে প্রতিফলিত হয়েছে কি? যুক্তিসহ লিখ। ৪

৭.▶ হেরিলে মায়ের মুখ,
দুরে যায় সব দুখ,
মায়ের কোলেতে শুয়ে জুড়ায় পরাণ
মায়ের শীতল কোলে
সকল যাতনা ভোলে
কতনা সোহাগে মাতা বুকটি ভরান

ক. 'পল্লিজননী' কবিতায় কুয়াশা বোঝাতে কোন শব্দ ব্যবহার করেছেন? ১

Teachingbd.com

খ. বুনো পথে জোনাকি পোকা দেখে মায়ের কী মনে হয়? ২
গ. উদ্দীপক ও 'পল্লিজননী' কবিতায় ভালবাসার স্বরূপ ভিন্ন— ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের মূল ভাবের সাথে 'পল্লিজননী' কবিতার মূল ভাবের তুলনা কর।৪

## গ অংশ — সহপাঠ

**৮.▶** কারো সাথেই যখন কোন বন্ধন থাকে না, কেউ কিছু বলে না, মন থাকে ফুরফুরা। এমন অনুভূতির নামই বোধ হয় স্বাধীনতা। এই স্বাধীনতা এমন ভোগ করছে পাড়ার কাজল। স্বজন বলতে যারা আছে, তারা সবাই গরিব। তারা কেউ তার দায়িত্ব নিতে রাজি নয়। তাই আজ ওর খুব আনন্দের দিন।
ক. আহাদ মুন্সির বড় ছেলের নাম কী? ১
খ. "তোকে এখনই সন্দেহ করবে না"— কেন? ২
গ. উদ্দীপকের কাজলের সাথে বুধার সাদৃশ্য কতটুকু? লেখ। ৩
ঘ. "তাই আজ ওর খুব আনন্দের দিন"— 'কাকতাড়ুয়া' উপন্যাস এর আলোকে বিশ্লেষণ কর। ৪

**৯.▶** পাকিস্তানি মিলিটারিরা রাজাকারদের সহায়তায় যাদের ধরে আনতো, তাদের নির্যাতন করত। সন্দেহ হলে গুলি করত। দুই একজনকে আদেশ করত দৌড়ানোর, দৌড়ালে পিছন হতে গুলি করত। মুক্তির আনন্দ টুকু মুখ থুবড়ে পড়ত মাটিতে।
ক. "ইস, বড় বড় কথা" কার উক্তি? ১
খ. "ওরা ওর নতুন ভঙ্গি দেখে"— বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের সাথে "কাকতাড়ুয়া" উপন্যাসের সম্পর্ক নির্ধারণ কর। ৩
ঘ. "মুক্তির আনন্দ বুধার ক্ষেত্রে মুখ থুবড়ে পড়েনি"— উদ্দীপক ও "কাকতাড়ুয়া" উপন্যাসের আলোকে বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

**১০.▶** ছামসুল শেখ ব্যাংক ঋণ নিয়ে ব্যবসা করতে গিয়ে বড় ধরনের লোকসানে পড়ে। এতে ব্যাংক ঋণ শোধ করতে না পারায় তার নামে মামলা হয়। তার প্রতিবেশি বিপত্নীক সামাদ টাকা দিতে চায়, বিনিময়ে তার এতিম ভাইঝি শিলাকে তার সাথে বিয়ে দিতে বলে। এতে ছামসুল শেখ রাজি হয়ে কৃতজ্ঞতা প্রকাশ করে বলে বিপদের বন্ধু প্রকৃত বন্ধু।
ক. আনোয়ার কে? ১
খ. অত্যাশ্চার্য ইসানে গায়েব— মামুলি কান্ড কোনটি? বুঝিয়ে দাও। ২
গ. সামাদ "বহিপীর" নাটকে কোন চরিত্রের প্রতিনিধি ব্যাখ্যা কর। ৩
ঘ. "সামাদের সহযোগীতা ছিল না— ছিল স্বার্থ" উদ্দীপক ও "বহিপীর" নাটক অবলম্বনে বিশ্লেষণ কর। ৪

**১১.▶** ছেলেপুলেহীন বিপত্নীক সামাদ মাতবর গ্রামের গরিব কবির শেখের মেয়ে বিথীকে বিয়ে করলেও বিথী বিয়ের পরের রাতেই পালিয়ে যায়। এতে লজ্জিত কবির শেখ পুলিশের কাছে যেতে চাইলেও সামাদ মাতবর নিজেই খুঁজতে বের হলেন।
ক. বদলোকেরা কী দিয়ে তাহেরাকে গিলে খাচ্ছিল? ১
খ. বহিপীর হাতেম আলির কাছে কী কথা লুকিয়ে ছিল? ২
গ. উদ্দীপকের বিথী "বহিপীর" নাটকের তাহেরার চরিত্রের কতটুকু প্রতিনিধিত্ব করে তা তুলে ধর। ৩
ঘ. "উদ্দীপকের মাতবর ও 'বহিপীর' নাটকে বহিপীর এর বিয়ের পরিণতি একই"— বিশ্লেষণ কর। ৪

# বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ০ | ১ |

সময় — ৩০ মিনিট    পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. মৃত্তিকায় সামান্য স্তূপ দেখলে বঙ্গবাসীদের কী রকম বোধ হয়?**
ক) বিরক্তি  খ) আনন্দ
গ) কৌতুক  ঘ) হতাশা

**২. প্রমথ চৌধুরী কত সালে পরলোকগমন করেন?**
ক) ১৯৬৪ সালে  খ) ১৯৩৪ সালে
গ) ১৯৫৪ সালে  ঘ) ১৯৪৬ সালে

**৩. 'ওই ঢের হয়েছে' নিরুপমার শাশুড়ির এ মন্তব্যে ফুটে ওঠে—**
i. নিরুপমার প্রতি অনাদর
ii. নিরুপমার প্রতি অবহেলা
iii. পণের টাকা না পাওয়ায় আক্রোশ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**৪. হরিহর কোথায় তাগাদা করতে গিয়েছিল?**
ক) বিষ্ণুপুরে  খ) দশঘরায়
গ) শিবগঞ্জে  ঘ) কেতুপুরে

**৫. 'পাস করা ও শিক্ষিত হওয়া এক বস্তু নয়'— এ মতবাদের বিরুদ্ধে মতবাদ কোনটি?**
ক) বিদ্যার সাধনা শিষ্যকে নিজের অর্জন করতে হয়
খ) সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত
গ) শিক্ষা অর্জন ও গ্রহণের ব্যাপার
ঘ) গুরু শিষ্যকে জ্ঞান দেন

**৬. 'অভাগীর জীবননাট্যের শেষ অঙ্ক পরিসমাপ্ত হইতে চলিল'— এ উক্তি দ্বারা লেখক কী বোঝাতে চেয়েছেন?**
ক) অভাবের দিন শেষ
খ) গল্পের পরিসমাপ্তি
গ) অভাগীর জীবন সায়াহ্ন
ঘ) নাটকের পরিসমাপ্তি

**নিচের উদ্দীপকটি পড় এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও :**
ঘৃত ননী মাখন চিনি খেলে রাশি রাশি মানুষ তো হলে না তবু হলে খোদার খাসি। জীবন থাকতে জ্যান্তমুর্দা হয়ে রইলি পড়ে, বাঙাল ছাড়া আর কী নামে ডাকব আমি তোরে?

**৭. উদ্দীপকটি 'নিরীহ বাঙালি' প্রবন্ধের নিচের কোন কথাটির সাথে সামঞ্জস্য বিধান করে?**
ক) আমাদের খাদ্য সামগ্রী ত্রিগুণাত্মক
খ) ক্ষীর, সর, সন্দেশ ও রসগোল্লা অতিশয় সুস্বাদু
গ) আমাদের স্বভাবের ভীরুতা অধিক
ঘ) খাবারের গুণে আমাদের দেশে তেমনিই ভুঁড়িটি স্থূল।

**৮. উদ্দীপকটি যে দৃষ্টিকোণ থেকে নির্ণেয়—**
i. ভোজন বিলাসিতা  ii. ব্যক্তিত্বহীনতা
iii. আরাম প্রিয়তা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**৯. 'এদের জ্ঞান দাও প্রভু, এদের ক্ষমা কর' এর দ্বারা কী বোঝানো হয়েছে?**
ক) ধৈর্য  খ) মহানুভবতা
গ) করুণা  ঘ) উদারতা

**১০. 'নিমগাছ' গল্পের মূল বিষয়বস্তুতে ফুটে উঠেছে—**
ক) নিরহংকার
খ) গাছের অবদান
গ) আত্মত্যাগ ও উপেক্ষা
ঘ) প্রয়োজনীয়তা

**১১. 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের লেখক কোনটিকে জরুরি মনে করেছেন?**
ক) শিক্ষার সুযোগ  খ) অধিকার চেতনা
গ) বিপ্লবের হাতিয়ার  ঘ) জাতীয় ঐক্য

**১২. 'ছোট প্রাণ, ছোট ব্যথা, ছোট ছোট দুঃখ কথা'— কথাটি সাহিত্যের কোন শাখার ক্ষেত্রে প্রযোজ্য?**
ক) নাটক  খ) উপন্যাস
গ) কাব্য  ঘ) ছোটগল্প

**১৩. বুধাকে 'সোনা বাবা' নাম কে দিয়েছিল?**
ক) হরিকাকু  খ) হাশেম মিঞা
গ) জয়নাল চাচা  ঘ) চাচি

**১৪. শাহাবুদ্দিন কখন বুধার ছবি আঁকবে?**
ক) বুধা মারা গেলে  খ) বুধার অসুখ হলে
গ) দেশ স্বাধীন হলে  ঘ) অবসর পেলে

**১৫. বুধার হাসির শব্দে শাহাবুদ্দিন ভয় পায় কেন?**
ক) কুন্তি কাঁদতে বারণ করেছিল বলে
খ) বুধার হাসি অসীম সাহসের প্রতীক বলে
গ) শাহাবুদ্দিন ভীত প্রকৃতির মানুষ বলে
ঘ) বুধা পাগলের ন্যায় হেসেছিল বলে

Teachingbd.com

১৬. সৈয়দ ওয়ালীউল্লাহর প্রথম গল্প গ্রন্থ কোনটি?
ক) নয়নচারা
খ) দুই তীর ও অন্যান্য গল্প
গ) কাঁদো নদী কাঁদো
ঘ) চাঁদের অমাবস্যা

১৭. 'একটা স্বপ্ন ভেঙে গেলে আরেকটা স্বপ্ন গড়তে পারবো'— এ উক্তি দ্বারা হাশেমের চরিত্রের কোন বৈশিষ্ট্য প্রকাশ পায়?
ক) উগ্রতা　খ) আত্মবিশ্বাসী
গ) স্বার্থপরতা　ঘ) স্বাধীনতা

১৮. পীর সাহেবের নৌকা আধা ডোবা হয়ে গেল কেন?
ক) বজরার ধাক্কায়　খ) অন্ধকারের কারণে
গ) হাওয়ার তোড়ে　ঘ) পাড়ে ধাক্কা খেয়ে

১৯. 'নতুন সিঁড়ি' জাগার কারণ কী?
ক) পানি বেড়ে যাওয়া　খ) পানি কমে যাওয়া
গ) পানি উপচে পড়া　ঘ) দিঘি ভরাট করে ফেলা

২০. 'একলা গাই একলা ধাই, দিবস রাত সাঁঝ সকাল'— এ বাক্যে ঝর্ণার কোন রূপটি ফুটে উঠেছে?
ক) প্রকৃতি চেতনা　খ) সৌন্দর্য প্রীতি
গ) ছুটে চলা　ঘ) শঙ্কাহীন চিত্ত

২১. নিচের কোন চরণে প্রতিবাদ ফুটে উঠেছে?
ক) ঐ মন্দির পূজারীর, হায় দেবতা, তোমার নয়
খ) আমার ক্ষুধার অন্ন তা বলে বন্ধ করনি প্রভু।
গ) তব মসজিদ মন্দিরে প্রভু নাই মানুষের দাবি
ঘ) ভেঙে ফেল ঐ ভজনালয়ের যত তালা দেওয়া দ্বারা

২২. 'সেইদিন এই মাঠ' কবিতার কবি কোন বিষয়টি বোঝাতে চেয়েছে?
ক) জীবন ও প্রকৃতি উভয়ে চিরস্থায়ী
খ) খেয়ালী প্রকৃতি আপন মনে বয়ে চলে
গ) জীবন ও প্রকৃতি পরস্পর বিপরীতধর্মী
ঘ) জীবন নশ্বর কিন্তু প্রকৃতি সর্বদা চলমান

২৩. 'জুড়াই এ কান আমি ভ্রান্তির ছলনে'— এ কথাটির অর্থ কী?
ক) আত্মপ্রবঞ্চনার সান্ত্বনা
খ) নিজেকে প্রবোধ দেওয়া
গ) সম্মোহিত হওয়া
ঘ) স্মৃতি রোমন্থনে সুখানুভব

২৪. 'নিশার স্বপন' বলতে কবি কী বুঝিয়েছেন?
ক) সুখময় ভাবনা
খ) ভবিষ্যত ভাবনা
গ) অতীত স্মৃতি রোমন্থন
ঘ) মিথ্যা বা অসার ভাবনা

২৫. 'প্রাণ' কবিতায় ফুটে উঠেছে কবির—
i. মৃত্যুকে অতিক্রম করার বাসনা
ii. মানব হৃদয়ে স্থান লাভের আকাঙ্ক্ষা
iii. পৃথিবীর বন্ধন ছিন্ন হওয়ার আশঙ্কা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

২৬. মায়ের ভাষায় মুসলমানের কোনটি দেখতে নেই?
ক) বায়োস্কোপ　খ) যাত্রা
গ) আড়ঙ　ঘ) নাটক

২৭. বৃষ্টি কবিতায় বর্ষণমুখর দিনের কোন ফুলের কথা বলা হয়েছে?
ক) হিজল　খ) কেয়া
গ) শিউলি　ঘ) বকুল

২৮. আমি কোনো আগন্তুক নই, বাক্যটিতে প্রকাশ পেয়েছে—
i. কবির স্বদেশ বন্দনা
ii. স্বদেশের সন্তান হিসেবে কবির পরিচয়
iii. স্বদেশের সন্তান হিসেবে কবির স্বীকারোক্তি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

২৯. শহরের বুকে জলপাই রঙের ট্যাঙ্ক কিসের প্রতীক?
ক) বীরত্বের　খ) শৌর্যের
গ) বাহাদুরের　ঘ) দানবের

নিচের উদ্দীপকটি পড় এবং ৩০ নং প্রশ্নের উত্তর দাও:
বিশ্বকবির সোনার বাংলা নজরুলের বাংলাদেশ জীবাননন্দের রূপসী বাংলা, রূপের যে তার নেইকো শেষ

৩০. আলোচ্য উদ্দীপকের সাথে আমার পরিচয় কবিতায় সাদৃশ্য যে ক্ষেত্রে তা হলো—
i. গীতাঞ্জলি-অগ্নিবীণা বাংলা সাহিত্যের অমূল্য সম্পদ
ii. রবীন্দ্র-নজরুল বাংলা সাহিত্যকে বিকশিত করেছেন
iii. বাংলা সাহিত্যের ঐতিহ্য প্রকাশে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | খ | ৬ | গ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | খ | ১০ | গ | ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | ঘ |
| | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | গ | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | ঘ | ৩০ | ঘ |

Teachingbd.com
http://teachingbd.com